সমকাল

তারিখ 28 NOV 2015
পৃষ্ঠা ২ কলাম

রাবি ছাত্র ইউনিয়ন

# সভাপতি মিনহাজুল সম্পাদক সুহান

■ রাবি প্রতিনিধি

মিনহাজুল আবেদিনকে সভাপতি ও সাইদুজ্জামান সুহানকে সাধারণ সম্পাদক করে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) শাখা ছাত্র ইউনিয়নের কমিটি গঠন করা হয়েছে। দু'দিনব্যাপী রাবি ছাত্র ইউনিয়নের ২৯তম সম্মেলন শেষে গতকাল শুক্রবার বিকেল ৩টায় এ কমিটি ঘোষণা করা হয়।

মিনহাজুল আবেদিন বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী। সুহান ব্যবস্থাপনা বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী। আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী মাহমুদুল হাসান আসিফকে সাংগঠনিক সম্পাদক করে মোট ১৭ সদস্যের কমিটি গঠন করা হয়েছে।